গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০৩৮.২০- ২১৫ তারিখঃ 22/02/2021

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

সড়ক ও জনপথ অধিদপ্তরের নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|---|
| ০১। | সার্ভেয়ার | ২৭ (সাতাশ)টি | টাঃ ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | ১৮-৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে ডিপ্লোমা ইন সার্ভে টেকনোলজি পাশ। | ক) খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, নোয়াখালী, ফেনী, বরিশাল, পিরোজপুর ও ঝালকাঠি।<br>খ) সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন। |
| ০২। | কার্যসহকারী | ১৭৪ (একশত চুয়াত্তর)টি | টাঃ ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ১৮ হতে ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। | |
| ০৩। | ইলেকট্রিশিয়ান | ৩২ (বত্রিশ)টি | টাঃ ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে পেশাগত ট্রেড কোর্স সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৪। | অফিস সহায়ক (এমএলএসএস) | ৬৬ (ছিষট্টি)টি | টাঃ ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ক) মুন্সীগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, জামালপুর, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, কুষ্টিয়া, ঝালকাঠি, পিরোজপুর ও বরিশাল।<br>খ) সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন। |
| ০৫। | সড়ক শ্রমিক | ১০৬ (একশত ছয়)টি | টাঃ ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন প্রাইমারী স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

১. ০১/০৩/২০২১ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে এবং বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন পরিবর্তন/সংশোধন (যদি থাকে) সড়ক ও জনপথ অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে (www.rhd.gov.bd) পাওয়া যাবে।

৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরিবরর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৪. বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর পর্যন্ত।

৫. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৬. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত সনদ/অভিজ্ঞতার সনদ/কোটার সনদ বা প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ আবেদনে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৮. আবেদনকারীতে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৯. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

১০. এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।

১১. আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোন স্থানে চাকরি করতে বাধ্য থাকবেন।

১২. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৪. প্রার্থীর যোগ্যতা যাচাই, প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গড়মিল/আসামঞ্জস্য পাওয়া গেলে, ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫. এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত ও মৌখিক পরীক্ষা এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য সড়ক ও জনপথ অধিদপ্তরের ওয়েবসাইট www.rhd.gov.bd এ পাওয়া যাবে।

১৬. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://rhd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/০৩/২০২১ খ্রিঃ তারিখ, সকাল: ১০:০০ ঘটিকা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১/০৩/২০২১ খ্রিঃ তারিখ, বিকাল: ০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যেও সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে ১ হতে ৩ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকা, মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৪ ও ৫ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকা, মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: RHD<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: RHD ABCDF

Reply: Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type RHD<Space>Yes<Space>Pin and send to 16222.

দ্বিতীয় SMS: RHD<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: RHD YES 12345678

Reply: Congratulations Allpicant;s Name, payment completed successfully for RHD Application for post xxxxxxxxx User ID is (RHD) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://rhd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি (প্রযোজ্য ক্ষেত্রে)/লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিমণবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে RHD<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: RHD Help User RHD & send to 16222.

(ii) PIN Number জানা থাকলে RHD<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: RHD Help PIN 12345678 & send to 16222.

ঝ. সড়ক ও জনপথ অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারি নিয়োগ পরীক্ষা, ২০২১ এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলি, এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://rhd.teletalk.com.bd এ পাওয়া যাবে।

22/2/2021

(মোঃ আমানউল্লাহ)
পরিচিতি নং-০০৫০২৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।